

**SONALI BANK PLC.****সোনালী ব্যাংক পিএলসি,**

‘বিশ্বস্ত ও স্মার্ট’

স্বাক্ষরিত
স্বাক্ষর**অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ (৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি**

ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : শাখার পাট খাতের খেলাপি ঋণগ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স বিশ্বাস জুট ট্রেডিং, প্রোঃ- জনাব বি এম আসিফ হোসেন, যশোর রোড, মহসীন মোড়, দৌলতপুর, খুলনা।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ৩১.০৩.২০২৫ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা **১০,১০,২১,১৬৮/-** (কথায় দশ কোটি দশ লক্ষ একুশ হাজার একশত আটষট্টি টাকা মাত্র) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাবলীতে সীলমহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল :

১. জেলা: যশোর থানা: বিকরগাছা, মৌজা: নাভারন জে এল নং-৮৪, এসএ খতিয়ান নং ২১২,৩৩৬, পৃথক খতিয়ান নং-১০০১, জরিপ খতিয়ান নং-৮৬৬,১৪৪; আরএস/ডিপি খতিয়ান নং-৭৫৩। এস এ দাগ নংঃ ৬৯৪,৮১৩,৮০৮,৮০৭, ৯১০,১১১৯,১১২০,৬৩৯, ৪৯৯, ১৯১,১০৫৭,১০৬২ ডিপি দাগ নং- ১৩৬৬, ১৪৭৯,১৪৮৫, ১৪৮৬,১৫৩৯,১৬৯১,১৭৭,২৪০,২৫১,১১৩০,১১৩৩। (দখল এসএ-৮১৩, ৯১০ এবং আরএস ১৪৭৯, ১৫৩৯ দাগে)। জমির পরিমাণ ০.৪৮ একর এর মধ্যে ০.৩০ একর (কৃষি জমি)। টাইটেল ডিড নংঃ ৩৪৪৮, তাং-২১.০৭.২০০৯, বন্ধকী দলিল নংঃ ১৭১৮, তাং-০২.০৪.২০১৫ মালিকঃ মোঃ রমিজ উদ্দিন ভূঁইয়া।
২. জেলা: যশোর থানা: বিকরগাছা, মৌজা: নাভারন জে এল নং-৮৪, এসএ খতিয়ান নং ১৯৯,৫৭৪,৩৮২,৪৮২,২১০, ২২২, ৩৭৩, ১৬৩, ২৬৫ বুজরত খতিয়ান ১৪৬, ৪৭৪, ২৯৫; ডিপি/আর এস ৮৬। এস এ দাগ নংঃ ১৬২, ৩৮৪, ৮১৫, ৫০৬, ৬৩৫, ৬২৩, ৬২৮, ৮৮৫, ১৪২৯, ৩৫৮, ৩৫৯, ৮৫৫, ১৩৯০ কৃত চিহ্নিত মতে এস এ ৩৫৮ ও ৩৫৯ দাগ ও ডিপি ৫৬৫; বুজরত/ডিপি/আর এস- ৩৭৭, ৫১৬, ১৪৭৭, ২৮৬, ১৮৫, ১৬৯, ১৬০৩, ২০৬৭, ২০৬৬, ৫৬৫, ১৬২৯, ২২৯৫। জমির পরিমাণ ০.৪৭ একর। টাইটেল ডিড নংঃ ৫৯৮৬, তাং-২৫.১১.২০১৪, বন্ধকী দলিল নংঃ ১৭১৮, তাং-০২.০৪.২০১৫ মালিকঃ বি. এম. আসিফ হোসেন

শর্ত সমূহ :

- আগামী ২২/০৫/২৫ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি., খুলনা কর্পোরেট শাখা, খুলনায় রক্ষিত দরপত্র বাব্বে জমা দিতে হইবে। এ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাব্বে খোলা হইবে। দরখাস্ত সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখায় পৌছাইতে হইবে।
 - দরপত্র সীলমহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রের দরপত্রদাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/ সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।
 - দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ
- | ক | আর্নেস্ট মানি/ জামানতের পরিমাণ | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|--|--|
| ক | উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ | উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ | উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |
- দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/ সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ৩নং অনুচ্ছেদ নির্ধারিত সময়ের মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবিকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।
 - দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র প্রস্তাব বাতিল করিতে পারিবেন।
 - দরপত্রদাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসীল ভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
 - নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তর/সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।
 - ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/সায়তুশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।
 - কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।
 - দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।
 - নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

(স্বাক্ষর আল আমুন)

ডেপুটি জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি.
খুলনা কর্পোরেট শাখা, খুলনা।

www.sonolibank.com.bd	ঋণ ও অগ্রীম বিভাগ, খুলনা কর্পোরেট শাখা, খুলনা। ফোন: ০২-৪৭৭৭২২৪৩৭					হটলাইন
প্রশাসন বিভাগ	বৈদেশিক বাণিজ্য বিভাগ	বিলস বিভাগ	ক্যাশ বিভাগ	কম্পিউটার বিভাগ	মোবাইল ই-মেইল: khulnacorp@sonalibank.com.bd	১৬৬৩৯
০২-৪৭৭৭২৪৩৮	০২-৪৭৭৭২৪৩৭	০২-৪৭৭৭২৪৩৫	০২-৪৭৭৭২৬০৫০	০২-৪৭৭৭২৬০৫১ ০১৭১৩-৪০০৭৮৮	SWIFT: BSONBDHKHU	+৮৮০৯৬১০১৬৬৩৯